# Tripura University in News & Media
## May 2023

Tripura times
date. 09/05/23

# ANUBHUTI: A mesmerizing cultural event of TU

Times News

**Agartala, May 08:** Prof. Ganga Prasad Prasain, Vice-Chancellor of Tripura University has inaugurated the programme ANUBHUTI today in Maharaja Bir Bikram Shatabarshiki Bhaban.

ANUBHUTI 2023, a student-driven four-day long celebration beginning today May 8, is the jewel and pride of Tripura University. One of Tripura's largest hostel week celebrations is back again to judge the youth with its grandeur and excitement. It is to showcase the talents of the students in different dimensions of sports, co-curricular and extra-curricular activities grouped under four broad categories of events: Games and Sports, Cultural Activities, Literary Activities and a Food Fest. Also, there will be a Musical Night to win over the hearts on the final day. All the events will be held at different venues within the campus of the University.

The festival began Monday, the 08th May, 2023. It is a four-day long program and will end on the 11th of May with a Musical Night. This festival aims to create opportunities for the 500-plus bright and talented youths of the University to showcase their talent, compete for different prizes and prepare themselves for a brighter tomorrow. The festival will be held in four broad event categories: Games and Sports, Literary Activities, a Food Fest and Cultural Activities. The University authorities, including Vice Chancellor, has upheld the need to organize this festival and have expressed full support for its successful completion.

ISSN-0971-7153

# বিশ্ববিদ্যালয়ে "অনুভূতি" শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন

সংবাদ প্রতিনিধি, আগরতলা, ১১ মে ঃ মঙ্গলবার ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে মহারাজা বীর বিক্রম শতবার্ষিকী ভবনে তথা বিশ্ব বিদ্যালয়ের মিলনায়তনে "অনুভূতি" শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন হয়। ওই মন্ত্রমুগ্ধ একটু অন্য ধরনের সপ্তাহব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর গঙ্গা প্রসাদ প্রসাইন। ইতিমধ্যে দুর্দান্ত সাফল্য অর্জন করেছেন। আবার অনেক শিক্ষার্থী বর্তমানেও বিশ্ববিদ্যালয়ে গবেষণা অব্যাহত রেখেছেন। ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা জাঁকজমক অনুষ্ঠানের মাধ্যমে খেলাধুলা, ফুট ফেস্ট, সাংস্কৃতিক ক্রিয়াকলাপ, সাহিত্য ক্রিয়াকলাপ এবং সহ-পাঠ্যক্রমিক, পাঠ্যক্রম বহির্ভূত ক্রিয়াকলাপ সমূহ বিভিন্ন মাত্রায় শিক্ষার্থীদের নিজস্ব প্রতিভা প্রদর্শনের সুযোগ রয়েছে



ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের মহারাজা বীর বিক্রম শতবার্ষিকী ভবনে সপ্তাহব্যাপী "অনুভূতি" শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করছেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর গঙ্গা প্রসাদ প্রসাইন সহ বিশিষ্টজনেরা। — সংবাদচিত্র

"অনুভূতি" শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দ্বারা আয়োজিত নিজস্ব অনুভূতি প্রকাশের সাংস্কৃতিক অনুষ্ঠান। যেটা ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের গর্ব। একই সঙ্গে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে পঠনরত শিক্ষার্থীদের হোস্টেল জীবনের অনুভূতি সমূহ মত বিনিময়ের মাধ্যমে হোস্টেল সপ্তাহ উদ্‌যাপনেরও সূচনা হয়েছে। ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে হোস্টেলে থেকে পড়াশোনা করে ডিগ্রি নেওয়ার পাশাপাশি পিএইচডি অর্থাৎ নীরবে বিভিন্ন বিষয়ের উপর গবেষণা চালিয়ে যাচ্ছেন এবং অনেকেই অনুভূতি অনুষ্ঠানে।

এছাড়াও মন জয় করার জন্য একটি মিউজিক্যাল নাইটেরও আয়োজন রাখা হয়েছে। সমস্ত অনুষ্ঠান সমূহ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন ভেন্যুতে অনুষ্ঠিত হবে। ওই "অনুভূতি" শীর্ষক উৎসব আয়োজনের লক্ষ্য হল বিশ্ববিদ্যালয়ের উজ্জ্বল এবং মেধা অন্বেষণের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতিভা প্রদর্শনের সুযোগ তৈরি করা, বিভিন্ন প্রতিযোগিতা মূলক অনুষ্ঠানের মাধ্যমেও পুরস্কার প্রদানের মাধ্যমে একটি উজ্জ্বল আগামীর জন্য শিক্ষার্থীদের নিজেদের প্রস্তুত করা। উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য সহ বিশ্ববিদ্যালয় অধ্যাপক ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর গঙ্গা প্রসাদ প্রসাইন উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে অনুষ্ঠানের সর্বাঙ্গীন সাফল্য কামনা করেন এবং অনুষ্ঠানে আয়োজকদের উৎসাহ প্রদান করে বক্তব্য রাখেন।

## নেতাজী ক্লাবের নতুন কমিটি গঠিত

সংবাদ প্রতিনিধি, আগরতলা, ১১ মে ঃ আগামী তিন বছরের জন্য নতুন কার্যকরী কমিটি গঠন করলো আগরতলার উজান অভয়নগরের নেতাজী ক্লাব। নব গঠিত দশ সদস্যক কার্যকরী কমিটির সভাপতি, সম্পাদক এবং কোষাধ্যক্ষ হিসাবে নির্বাচিত হন যথাক্রমে পার্থ প্রতিম পাল, প্রশান্ত পাল এবং দীপঙ্কর দেববর্মা। ক্লাবের পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।

## রিজিওনাল রুরাল ব্যাঙ্ক ওয়েলফেয়ার সোসাইটির সম্মেলন

সংবাদ প্রতিনিধি, আগরতলা, ১১ মে ঃ অল ইণ্ডিয়া রিটায়ারিজ অব রিজিওনাল রুরাল ব্যাঙ্ক ওয়েলফেয়ার সোসাইটি ত্রিপুরা ইউনিটের প্রথম ত্রিবার্ষিক সাধারণ সম্মেলন হবে আগামী চৌদ্দ মে সকাল দশটায় আগরতলা প্রেস ক্লাবে। এদিনের সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন সংগঠনের সর্বভারতীয় সাধারণ সম্পাদক গিরিজা অলংকৃত শঙ্কর মোহান্তি। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান ও জেনারেল ম্যানেজার সহ অন্যরা।

Dainik sambad
date 12/05/23

Tripura darpan
date. 09/05/23

# দার্শনিক রঞ্জন সরকারের আবির্ভাব তিথিতে বিশ্ববিদ্যালয়ে সেমিনার




দর্পণ প্রতিনিধি, গোলাঘাটি, ৮ মে ঃ দার্শনিক প্রভাত রঞ্জন সরকারের ১০৩ তম শুভ আবির্ভাব তিথি উদ্‌যাপন উপলক্ষে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের উদ্যোগে এবং রেনেসা ইউনিভার্সেল এর সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের দুই নং মিলনায়তনে অনুষ্ঠিত হয় জাতীয় স্তরের এক বিশেষ সেমিনার। পি আর সরকারের সমসাময়িক এবং ভবিষ্যৎ বিশ্ব জনসংযোগের নব্য মানবতাবাদী দৃষ্টিভঙ্গি' শীর্ষক জাতীয় পর্যায়ের এই আলোচনা সভায় সোমবার সকাল দশটায় মঙ্গল প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে সেমিনারের শুভ সূচনা করেন উপস্থিত অতিথিরা। মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গঙ্গা প্রসাদ প্রসেন। অন্যান্য অতিথিদের মধ্যে ছিলেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার ডঃ দীপক শর্মা, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র অধ্যাপক প্রফেসর আদিত্য কুমার মোহান্তি, রেনেসা ইউনিভার্সাল এর কেন্দ্রীয় কমিটির সচিব দিব্যচেতনানন্দ অবদূত, এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অধ্যাপক অনিল প্রতাপ গিরি, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের সহকারী অধ্যাপক পার্থসারথি শীল, কুচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপিকা সুনন্দিতা ভৌমিক, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের কলা ও বাণিজ্য বিভাগের অধ্যাপক শ্যামল দাস, ইগনো কলকাতা এর উপ পরিচালক বিশ্বজিৎ ভৌমিক, রেনেসা ইউনিভার্সাল ত্রিপুরার পক্ষ থেকে ছিলেন সংস্থার সভাপতি অনিল দেবনাথ এবং আনন্দমার্গ এর চেয়ারম্যান ননীগোপাল দেবনাথ সহ অন্যান্য গুণীজনেরা। এছাড়া রেনেসাঁ শিল্পী এবং লেখক সমিতি বিশালগড় শাখার শিল্পীরা প্রভাত সঙ্গীত পরিবেশন এবং সংগীতের তালে তালে নৃত্য পরিবেশন করে উপস্থিত দর্শকদের মনোমুগ্ধ করে। উক্ত সেমিনারে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের সহকারী অধ্যক্ষ আদিত্য কুমার মোহন্তি এর দার্শনিক প্রভাত রঞ্জন সরকারের উপর লেখা 'সির ফিলোসপার শ্রী প্রভাত রঞ্জন সরকার' পুস্তিকার আবরণ উন্মোচন করা হয়। জাতীয় স্তরের এই সেমিনারের আহ্বায়কের দায়িত্ব পালন করেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপিকা ড. সিন্ধু পৌডিয়াল। মানব কল্যাণে মহান দার্শনিক প্রভাত রঞ্জন সরকারের মানবতাবাদী দৃষ্টিভঙ্গিতে সমসাময়িক এবং ভবিষ্যৎ বিশ্ব বিষয়ক মূল্যবান আলোচনা করেন উপস্থিত অতিথি বৃন্দ।

এ এক হেঁয়ালি ... নিয়ে কোনও

থাকেন ভক্তে ... ীয়। কাজেই,

ভক্ত ভিন্ন ঠাকু

Dainik sambad
Dt. 10/05/23

# বিশ্ববিদ্যালয়ে সেমিনার সমাপ্ত

**সংবাদ প্রতিনিধি, আগরতলা, ৯ মে ঃ** ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের উদ্যোগে সোমবার এক দিবসীয় জাতীয় সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারের মূল বিষয়বস্তু ছিল আধুনিক ও ভবিষ্যৎ জীবন দর্শনে প্রভাত রঞ্জন সরকারের নব-মানবতাবাদের প্রাসঙ্গিকতা। প্রদীপ প্রজ্বালনের মাধ্যমে সেমিনারের শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গঙ্গা প্রসাদ প্রসেইন। সেমিনারে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার ড. দীপক শর্মা, অধ্যাপক ড. আদিত্য কুমার মোহন্তি, অধ্যাপক ড. সিন্ধু পোডিয়াল এবং স্বামী আচার্য দিব্যচেতনানন্দ সহ দর্শন বিভাগের ছাত্রছাত্রী সহ গবেষকরা।

এদিন উত্তরপ্রদেশের এলাহাবাদ ইউনিভার্সিটি থেকে আগত অধ্যাপক অনিল প্রতাপ গিরি, কলকাতার সল্টলেকের ইগনৌর ডেপুটি ডিরেক্টর ড. বিশ্বজিৎ ভৌমিক এবং ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের সিনিয়র অধ্যাপক ড. এন. কে. মোহন্তি আনন্দ মূর্তিজীর আনন্দ সূত্রম ও নব্য-মানবতাবাদের বিস্তৃত আলোচনা করেন।